**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 8 APRIL 2025** **TIME: 7:35 AM**

---

সমগ্র দেশে গতকাল মধ্যরাত থেকে প্রতি লিটার পেট্রোল ও ডিজেলে আবগারী শুল্ক ২ টাকা করে বৃদ্ধি পেয়েছে । তবে এরফলে এই দুটো পণ্যের খুচরা মূল্য বৃদ্ধি হবে না বলে তেল বিপণন কোম্পানীগুলি জানিয়েছে । কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রী হরদীপ সিং পুরী গতকাল নতুনদিল্লীতে সাংবাদিকদের জানান যে আবগারী শুল্কের বৃদ্ধি গ্রাহকদের ওপর প্রত্যক্ষভাবে বিশেষ প্রভাব ফেলবে না । এসম্পর্কে মন্ত্রী শ্রী পুরী বলেন----

---------বাইট-------

এছাড়া রান্নার গ্যাসের সিলিন্ডারের মূল্যও ৫০ টাকা করে বৃদ্ধি করা হয়েছে । শ্রী পুরী বলেন যে উজ্জ্বলা যোজনার হিতাধিকারীরা রান্নার গ্যাসের সিলিন্ডার আজ থেকে ৫৫০ টাকায় এবং অন্যরা ৮৫৩ টাকায় পাবেন । তবে এরসঙ্গে রাজ্য করের নিরিখ ধরা হয়নি ।

---

রাজ্যে আগামী দোসরা এবং সাতই মে অনুষ্ঠেয় গ্রাম পঞ্চায়েত নির্বাচনের জন্য বিজেপি পঞ্চায়েত নির্বাচনের সঙ্কল্প পত্রের জন্য জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছে । দলটির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া জনসাধারণকে ই-মেল, ওয়াট্স এ্যাপ বা লিখিতভাবে তাদের পরামর্শবলী সরাসরি পাঠানোর অনুরোধ জানিয়েছেন।

জনসাধারণ panchayatsankalpatra@gmail.com বা ৯১০১৬ ৬৪৫৯৩ নম্বরে ওয়াট্স এ্যাপ যোগে তাদের পরামর্শ আগামী দশই এপ্রিলের মধ্যে পাঠাতে পারবেন।

---

শ্রীভূমির জেলা ম্যাজিস্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে এক বিজ্ঞপ্তিতে পাথারকান্দি ও নিলামবাজার পুলিশ থানা এলাকায় তাৎক্ষণিকভাবে কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন । ওয়াকফ আইনের বিরুদ্ধে পাথারকান্দি ও নিলামবাজার পুলিশ থানা এলাকায় হওয়া প্রতিবাদ কার্যসূচীর জন্য ওইসব এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও জনসাধারণের মধ্যে শান্তি সম্প্রীতি বিঘ্নিত হবার সম্ভাবনা রয়েছে বলে পুলিশ সুপারের রিপোর্টে বলা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে জারি করা নিষেধাজ্ঞা অনুসারে ৫ বা ততোধিক ব্যাক্তির জমায়েত নিষিদ্ধ , অনুমতি ছাড়া কোনো ধরণের বন্ধ, র‍্যালী , ধর্ণা ,প্রদর্শন করা যাবে না । এছাড়া অস্ত্র-শস্ত্র , বিস্ফোরক সামগ্রী বা কোনো সন্দেহজনক সামগ্রী বহনে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । তবে কেন্দ্র ও রাজ্য সরকারের কর্তব্যরত কর্মী এবং জরুরী পরিষেবা অ্যাম্বুলেন্স ও ফায়ার সার্ভিস এর আওতায় থাকছে না । পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকবে । আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে ।

---

হাইলাকান্দি জেলা পুলিশ লালা রংপুর এলাকার পাপপু আলম বরভুইয়া নামের এক যুবককে মোবাইলে বিপদজনক রীল বানানোর অভীযোগে আটক

করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে পাপপু লাল রেল স্টেশন দু:সাহসিক ভিডিও বানিয়ে রাজ্য পুলিশের শীর্ষ আধিকারীকদের ট্যাগ করেছিলেন । এদিকে হাইলাকান্দির অতিরিক্ত পুলিশ সুপার সমীর দত্ত বড়ুয়া জানান যে পুলিশ সামাজিক মাধ্যমের বিভিন্ন একাউন্টের উপর নজর রাখছে । রাজপথ , রেলপথ সহ জনবহুল স্থানে বিপদজনক রীল বানালে পুলিশ কঠোর পদক্ষেপ গ্রহন করছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে আজ থেকে অতিরিক্ত চার জোড়া গ্রীষ্মকালীন বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে শিলচর -কলকাতা বিশেষ যাত্রী ট্রেন আগামী ১০ই এপ্রিল থেকে প্রতি বৃহস্পতিবার সকাল ৫টোয় শিলচর থেকে ছেড়ে পরদিন দুপুর ১২টা পাঁচ মিনিটে কলকাতা পৌছবে । এছাড়া রয়েছে ডিব্রুগড়-কলকাতা , নারেঙ্গি-ব্যাঙ্গালুরু এবং হুবলি-কাটিহার ।

---

আসাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে আসন্ন পঞ্চায়েত নির্বাচনে অধ্যাপকদের যূক্ত করার প্রতিবাদে আজ বিশ্ববিদ্যালয়ের প্রবেশ দ্বারের সম্মুখে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে বলা হয়েছে যে এখন থেকে ১২ই মে পর্য্যন্ত পঞ্চায়েত নির্বাচনের কাজে যুক্ত থাকলে পাঠ্যসূচী শেষ করা সম্ভব হবে না । যার ফলে ১৫ই মে থেকে পরীক্ষা নেওয়াও সম্ভব হবে না বলে জানানো হয়েছে । বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ এ বিষয়ে জেলা প্রশাসনের সঙ্গে কথা বলার প্রতিশ্রুতি দিয়েছেন ।

---

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে বিদ্যুৎ ক্ষেত্রে বেসরকারীকরনের প্রতিরোধ , স্মার্ট মিটার প্রতিস্থাপন বন্ধ করা , বিদ্যুৎ সংশোধনী বিল-২০২২ বাতিলের দাবীতে গতকাল শিলচর পানপট্টির এ পি ডি সি এল-এর কার্য্যালয়ের সামনে বিক্ষোভ কার্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে সংগঠনের পক্ষে দীপংকর চন্দ , মধুসূদন কর প্রমূখ বক্তব্য রাখেন । পরে দাবীগুলির সর্মথনে একটি স্মারক পত্র এ জি এম-এর মাধ্যমে রাজ্যের বিদ্যুৎ মন্ত্রীর নিকট পাঠানো হয়েছে ।

---

শিলচর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত মৃদুল হোড় স্মৃতি নক আউট ক্রিকেট প্রতিযোগীতার ফাইনাল খেলা আজ অনুষ্ঠিত হবে । আজ ফাইনালে পূর্বাশা ক্লাব ও এপোসলস ক্লাব মূখোমূখি হবে । ফাইনাল খেলা বেলা সাড়ে ১২টায় শুরু হবে ।

---

---